



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd




প্রেস রিলিজ

তারিখঃ ২৯/০৮/২০১৯ খ্রিঃ

## শোকাবহ আগস্ট স্মরণে ববি ছাত্রলীগের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের আয়োজনে অদ্য ২৯ আগস্ট ২০১৯ তারিখ বেলা ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সভার শুরুতে ১৫ আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের যে সকল সদস্য শাহাদাত বরণ করেছেন তাঁদের স্মরণে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। আলোচনা সভায় অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার একটি উক্তিকে স্মরণ করিয়ে দিয়ে ছাত্রলীগের উদ্দেশ্যে বলেন তোমাদেরকে শুধু ছাত্রলীগের একনিষ্ঠ কর্মী হলেই চলবে না, পাশাপাশি ভালো ছাত্রও হতে হবে। তিনি আরও বলেন বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারণ করে বিভিন্ন সামাজিক ও জনসচেতনতা মূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে একটি সুখী ও সমৃদ্ধশালী উন্নত দেশের স্বপ্ন বাস্তবায়নে তোমাদেরকে এগিয়ে আসতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার মাধ্যমে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে হবে। দায়িত্বপ্রাপ্ত উপাচার্য মহোদয় ১৫ আগস্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও দক্ষিণ বাংলার কৃষককুলের নয়নের মনি শহীদ আবদুর রব সেরনিয়াবাত এবং তাঁদের পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্টে শাহাদাত বরণ করেছেন তাঁদের রহের মাগফেরাত কামনা করেন এবং এ নৃসংশ হত্যাকাণ্ড থেকে বেঁচে ফেরা সকলের দীর্ঘায়ু কামনা করেন। সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, শিক্ষক সমিতির সাবেক সভাপতি ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান মোঃ আবু জাফর মিয়া, কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপ, ছাত্রলীগ নেতা মহিউদ্দীন আহমেদ সিফাত, আলিম সালেহী, তাহমিদ রহমান রাজিন, রানা মন্ডল, এস এ এম নুরুল্লাহ, সামিহা রহমান লামিয়া। তনুশ্রী ভট্টাচার্য ও সাঈদ শুভর সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সমাজবিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. তারেক মাহমুদ আবিদ, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক আবদুল্লাহ আল মাসুদ, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তানভীর কায়সার, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মিজানুর রহমান, অফিসার্স এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ আতিকুর রহমানসহ বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস